



BANGLADESH TEXTILE MILLS ASSOCIATION

বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন

Unique Trade Centre (Level 8), 8, Panthapath, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : +88 02 9101508, 48116358, 58156619, Fax : +88 02 9125338
E-mail : btmasg@gmail.com, btma2@yahoo.com, Web : www.btmadhaka.com

বিটিএমএ : বি.এস.১৬.২৫৯

তারিখ : ২৫-০৪-২০২৩

বিষয় : টেক্সটাইল খাতের বিদ্যমান সমস্যা সম্পর্কিত তথ্য প্রদান প্রসঙ্গে ।

জনাব

সমিতি অবহিত যে সদস্যভুক্ত মিলগুলোতে বিপুল পরিমাণ সূতা ও কাপড়ের মজুদ রয়েছে এবং তা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে । এরই প্রেক্ষিতে মিলগুলোতে তারল্য সংকট তীব্র । ফলে মিলগুলোর কাঁচামাল আমদানি ও তৈরী পণ্যের বিপণন মারাত্মকভাবে বিপর্যস্ত । এছাড়াও বিভিন্ন অনৈতিক পন্থায় আনীত সূতা ও কাপড়ের বাজারজাত হওয়ার কারণে পরিস্থিতি আরো অবনতিশীল ।

গ্যাস ও বিদ্যুতের নিরবচ্ছিন্ন সরবরাহ না থাকা ও সম্প্রতি গ্যাস ট্যারিফ বৃদ্ধি এ সংকটকে আরো তীব্র করেছে । এছাড়াও সরকারের বিভিন্ন দপ্তরের নানাবিধ হয়রানি এবং বাংলাদেশ ব্যাংকের রপ্তানি উন্নয়ন তহবিল বন্ধ বা নিয়মিত না হওয়ায় মিলগুলোর বিদ্যমান সংকটকে আরো ঘনীভূত করেছে ।


আপনি জানান যখনই সমিতির সদস্য মিলগুলো সমস্যার সম্মুখীন হয়েছে বিটিএমএ থেকে তা সমাধানের জন্য সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে । উপরোক্ত সমস্যাবলীর সমাধানের জন্য বিটিএমএ'র পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়টি সক্রিয়ভাবে বিবেচনা করা হচ্ছে । এ লক্ষ্যে আগামী মে , ২০২৩ এর প্রথম সপ্তাহে সমিতিতে একটি জরুরী সভা আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে , যেখানে আপনিও আমন্ত্রিত হবেন ।

তাই সমিতির এ উদ্যোগ সফল করার লক্ষ্যে নিম্নবর্ণিত তথ্যাদি আপনার নিকট থেকে পাওয়া অত্যাবশ্যিক :

১. আপনার মিলে বর্তমানে কি পরিমাণ সূতা/কাপড়ের মজুত আছে ? তার বর্তমান বাজার মূল্য কত (মা: ড:/টাকায়) ?
২. কোন কোন পয়েন্ট / স্থান দিয়ে অবৈধভাবে স্থানীয় বাজারে কাপড় ও সূতা অনুপ্রবেশ প্রবেশ করেছে এবং কোথায় তা বিক্রি হচ্ছে মর্মে আপনি অবহিত ?
৩. পর্যাপ্ত গ্যাস প্রেসার না থাকার কারণে আপনার মিলের উৎপাদন শতাংশ হিসাবে কি পরিমাণ ক্ষতিগ্রস্ত হচ্ছে বা হয়েছে ?
৪. গ্যাস ট্যারিফ বৃদ্ধির ফলে আপনার মিলের সূতার উৎপাদন খরচ পূর্বের তুলনায় শতাংশ হিসাবে কি পরিমাণ বৃদ্ধি পেয়েছে ?
৫. গ্যাস ট্যারিফ বৃদ্ধির প্রেক্ষিতে আপনার মিলে তৈরী কাপড়ের বিশেষত: পপলিন , টুইল , টিসি , টিআর এর উৎপাদন খরচ , শতাংশ হিসাবে কি পরিমাণ বৃদ্ধি পেয়েছে ? এছাড়াও ডায়িং খরচ কত শতাংশ বৃদ্ধি পেয়েছে ?
৬. মিল পরিচালনার ক্ষেত্রে সরকারের বিভিন্ন দপ্তর কর্তৃক কোন ধরনের হয়রানির সম্মুখীন হছেন কিনা , যদি হয়ে থাকেন, তা কি ধরনের ?
৭. ব্যাংকিং সম্পর্কিত বিষয়ে কোন ধরনের সমস্যার সম্মুখীন হছেন কিনা ? যদি হন তা থেকে উত্তরণের উপায়/পরামর্শ কি ?

বর্ণিত বিষয়ে আপনার মিল থেকে উপরোক্ত তথ্যাবলী আগামী ২৯শে এপ্রিল , ২০২৩ তারিখের মধ্যে সমিতিতে ই-মেইলের (btmasg@gmail.com/btma2@yahoo.com) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হলো । আপনার প্রেরিত তথ্যের গোপনীয়তা রক্ষা করা হবে এবং আপনার মিলের নাম কোথাও উল্লেখ করা হবে না মর্মে সমিতি নিশ্চয়তা প্রদান করছে ।

ধন্যবাদান্তে


মনসুর সাহা
অতিরিক্ত পরিচালক ও
সিইও(ইন-চার্জ)

বিতরণ : ব্যবস্থাপনা পরিচালক , সকল সদস্য মিল , বিটিএমএ ।